



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”



৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.১১.০২৬.১৬-৩৮৯

তারিখঃ ০৬/১১/২০১৮ খ্রিঃ

মোছাঃ ফারজানা জাফরীন
ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (ইউডিও)
নবাবগঞ্জ, ঢাকা।

বিষয়ঃ ব্যাখ্যা ভলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অদ্য ০৫/১১/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় সহকারী পরিচালক, পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা কর্তৃক প্রকল্পের কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চেয়ে টেলিফোন করলে আপনি ফোন রিসিভ করেন নাই। পরবর্তীদিন অর্থাৎ ৬/১১/২০১৮ তারিখ দুপুর ৩.৩০ ঘটিকায় উপপরিচালক, পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা কর্তৃক আপনাকে ফোন করা হলেও তখনও আপনি রিসিভ করেন নাই। এমনকি আপনাকে বিভিন্ন সময়ে প্রকল্প সদর দপ্তর থেকে টেলিফোন করা হলেও আপনি ফোন রিসিভ করেন না এবং পরবর্তীতেও এ বিষয়ে অফিসে কোন প্রকার যোগাযোগ করেন না যা অফিস শৃংখলা পরিপন্থী ও কর্তৃপক্ষের সহিত অসদাচরণের সামিল। এ বিষয়ে আপনাকে একাধিকবার মৌখিক ও লিখিতভাবে সতর্ক করা হলেও আপনি তার তোয়াক্কা না করে স্বেচ্ছাচারিতার আশ্রয় গ্রহণ করেছেন। যা কোনক্রমেই কাম্য নয়।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের সাথে অসদাচরণ এবং অফিস শৃংখলা পরিপন্থী কর্মকাণ্ডের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য বলা হলো। ব্যর্থতায় আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ আবু সালােক
প্রকল্প পরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.১১.০২৬.১৬-৩৮৯

তারিখঃ ০৬/১১/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, নবাবগঞ্জ, ঢাকা।
- ২। উপপরিচালক, বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট নথি।

সেখ আমিনুর ইসলাম

উপপরিচালক

পিআরডিপি-৩, বিআরডিবি, ঢাকা।